

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৫, ২০২৪

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]  
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

পর্যটন ভবন (৯ম তলা) প্লট: ই-৫ সি/১

পশ্চিম আগারগাঁও, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা

ঢাকা-১২০৭, বাংলাদেশ

প্রজ্ঞাপন

তারিখ : ১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/২৪ মার্চ ২০২৪ খ্রিঃ

নং ২৩৬/এফআরসি/এসএস/প্রজ্ঞাপন/২০২৪/৪২৬।—যেহেতু, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সালের ১৬ নং আইন), অতঃপর উক্ত আইনের ধারা ২৩ এর উপ-ধারা (১) অনুযায়ী কাউন্সিলের মানদণ্ড, নির্ধারণী বিভাগ উক্ত আইনের উদ্দেশ্য পূরণকল্পে মূল্য নির্ধারণ মানদণ্ড জারি করিবার দায়িত্বপ্রাপ্ত এবং

যেহেতু, কাউন্সিল উক্ত আইনের ধারা ৪৩ অনুযায়ী মূল্য নির্ধারণ মানদণ্ডসমূহ প্রাক-প্রকাশনাপূর্বক আর্থী ব্যক্তিবর্গের নিকট হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে মতামত আহ্বান করিয়া কাউন্সিলের ওয়েবসাইটে নোটিশ জারি করিয়াছে এবং দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় ধারাবাহিকভাবে তিন দিন বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করিয়াছে এবং

যেহেতু, কাউন্সিলের প্রাক-প্রকাশনা বিষয়ে কোনো মতামত বা আপত্তি পাওয়া যায় নাই সেহেতু কাউন্সিল উহার ১৩তম সভায় গৃহীত সিদ্ধান্তক্রমে বাংলাদেশের সকল জনস্বার্থ সংস্থার আর্থিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত বিভিন্ন সম্পদের মূল্য নির্ধারণে প্রযোজ্য ইন্টারন্যাশনাল ভ্যালুয়েশন স্ট্যান্ডার্ডস কাউন্সিল (IVSC) কর্তৃক ইস্যুকৃত ইন্টারন্যাশনাল ভ্যালুয়েশন স্ট্যান্ডার্ডস (IVS) পরিগ্রহণ ও জারি করিতেছে। পরিগৃহীত মানদণ্ডসমূহ (IVSC) এর সঙ্গে এফআরসি সম্পাদিত চুক্তিপত্রের সূত্রে প্রাপ্ত কপিরাইট ভিত্তিতে পরিগৃহীত এবং তা সময় সময় হালনাগাদকরণ করা হবে।

(৭৭৫৭)

মূল্য : টাকা ৪.০০

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ৪৪ মোতাবেক বাংলাদেশ অধিক্ষেত্রে পরিচালিত সকল জনস্বার্থ সংস্থা এবং মূল্যায়ন কার্যের সাথে সংশ্লিষ্ট পরামর্শকগণ প্রযোজ্য ক্ষেত্রে উপরোল্লিখিত মানদণ্ডসমূহের প্রতিপালন এবং অনুসরণ করিবেন।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

ড. মোঃ হামিদ উল্লাহ্ ভূঁঞা

চেয়ারম্যান

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল।